

# পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নতুন উপাচার্য নিয়োগ

অনলাইন ডেস্ক

প্রকাশ: ০৮ জুন, ২০২৬ ২২:০৬



পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) আরবি বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ ছবিরুল ইসলাম হাওলাদারকে নিয়োগ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

সোমবার (৮ জুন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের  
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা থেকে জারি করা  
প্রজ্ঞাপনে তাকে এই পদে নিয়োগ দেওয়া হয়।

সহকারী সচিব মো. শাহ আলম সিরাজ প্রজ্ঞাপনে সই  
করেছেন।

এতে বলা হয়েছে, ‘মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের  
অনুমোদনক্রমে পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি  
বিশ্ববিদ্যালয়, আইন ২০২২-এর ১০(১) ধারা অনুযায়ী ড.  
মোহাম্মদ ছবিরুল ইসলাম হাওলাদারকে পিরোজপুর  
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে নিয়োগ  
প্রদান করা হলো।’

এক্ষেত্রে আরোপিত শর্তগুলো হলো— উপাচার্য পদে তার  
নিয়োগের মেয়াদ যোগদানের তারিখ হতে ৪ বছর অথবা  
অবসর গ্রহণের তারিখ, এর মধ্যে যা পূর্বে ঘটে সেই সময়  
পর্যন্ত তিনি স্থায় পদে বহাল থাকবেন; এ পদে তিনি তার

বর্তমান পদের সমপরিমাণ বেতন-ভাতা পাবেন; তিনি  
বিধি অনুযায়ী পদসংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;  
বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে  
সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান  
করবেন; এবং রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে  
কোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।